

ছাত্রলীগের বিচার চাইলেন বিরোধী দলীয় চিফ হুইপ

ইত্তেফাক রিপোর্ট।
আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই প্রেসের গোলাগুলির ঘটনার নিন্দা জানিয়েছেন বিরোধী দলীয় চিফ হুইপ তাজুল ইসলাম চৌধুরী। গতকাল শোমবার জাতীয় সংসদে পয়েন্ট অর্ডারে ফোর নিয়ে তিনি বলেন, ছাত্রলীগের এই ধরনের কর্মকাণ্ড সরকারের অবমূর্তি সৃষ্টি হচ্ছে। তাদের বিচার করতে হবে, আইনের আওতায় আনতে হবে। দ্রুত তাদের বিচার করা না হলে সারাদেশে ছাত্রলীগ এভাবেই তাওব চালাবে।

তাজুল ইসলাম আরো বলেন, আহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গত কয়েক বছর ধরে অচলায়তন বিরাজ করছে। ভিসিকে কেন্দ্র করে চলা এসব আন্দোলনে কখনও কখনও সরকার দলীয় ছাত্র সংগঠন ছাত্রলীগও মদদ দিয়েছে বলে সংবাদ মাধ্যমে এসেছে।